SRI RAMKRISHNA ASHRAMA INSTITUTE (HIGH SCHOOL)

**বিষয়** - ভূগোল

**শ্রেণী**- অষ্টম

**অধ্যায়** - চাপ বলয় ও বায়ুপ্রবাহ(দ্বিতীয় অংশ)

# Assignment

**মূল বিষয়বস্তু-** অধ্যায়ের এই অংশে বিভিন্ন বায়ুচাপ বলয় গুলির মধ্যে নিয়ত বায়ু প্রবাহের দিক ও তাদের নামকরণ সম্বন্ধে অবহিত হবো। এছাড়া বায়ুচাপ বলয় গুলির সঙ্গে নিয়ত বায়ু প্রবাহের যে সম্পর্ক রয়েছে তা সংক্ষেপে আমরা জানবো।

**নিয়ত বায়ু-** পৃথিবীতে স্থায়ী সাতটি চাপ বলয় থাকার জন্য পৃথিবীপৃষ্ঠের কতকগুলি বাতাস সারাবছর নিয়মিতভাবে নির্দিষ্ট গতিপথে প্রবাহিত হয়। এই বায়ুকে নিয়ত বায়ু বলে।

SRAI

**নিয়ত বায়ুর শ্রেণীবিভাগ**

**আয়ন বায়ু** | **পশ্চিমা বায়ু** | **মেরু বায়ু**

**বায়ু প্রবাহ-**উচ্চচাপ বলয় থেকে নিম্নচাপ বলয় পর্যন্ত বায়ু ধাবিত হলে তাকে বায়ুপ্রবাহ বলে।

***তাপ ও চাপের পার্থক্য বায়ুপ্রবাহের প্রধান কারণ।**

**বায়ুপ্রবাহের নিয়ম:-**


1) বাতাস সব সময় উচ্চচাপ থেকে নিম্নচাপের দিকে প্রবাহিত

হয়।

2) ফেরেলের সূত্র অনুযায়ী বাতাস উত্তর গোলার্ধের ডান দিকে এবং দক্ষিণ গোলার্ধের বাম দিকে বেঁকে প্রবাহিত হয়।

3) বাতাস যে দিক থেকে প্রবাহিত হয়, সেইদিক অনুসারে বাতাসের নামকরণ হয়।

**বায়ুচাপ বলয় গুলির মধ্যে নিয়ত বায়ু প্রবাহের অবস্থান ও নামকরণ-**



চিত্র নং ৫ : নিয়ত বায়ুপ্রবাহ

**আয়ন বায়ু-**

**অবস্থান-**উত্তর গোলার্ধে কর্কটীয় উচ্চচাপ বলয় থেকে নিরক্ষীয় নিম্নচাপ বলয় এবং দক্ষিণ গোলার্ধে মকরীয় উচ্চচাপ বলয় থেকে নিরক্ষীয় নিম্নচাপ বলয় পর্যন্ত।

**নামকরণ-**উত্তর পূর্ব আয়ন বায়ু (উত্তর গোলার্ধ)

দক্ষিণ-পূর্ব আয়ন বায়ু (দক্ষিণ গোলার্ধ)

**পশ্চিমা বায়ু-**

**অবস্থান-**উত্তর গোলার্ধে কর্কটীয় উচ্চচাপ বলয় থেকে সুমেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয় এবং দক্ষিণ গোলার্ধে মকরীয় উচ্চচাপ বলয় থেকে কুমেরু বৃত্ত প্রদেশ নিম্নচাপ বলয় পর্যন্ত।

**নামকরণ-**দক্ষিণ-পশ্চিম পশ্চিমা বায়ু(উত্তর গোলার্ধ)

উত্তর পশ্চিম পশ্চিমা বায়ু (দক্ষিণ গোলার্ধ)

**মেরু বায়ু-**

**অবস্থান-**উত্তর গোলার্ধে সুমেরু উচ্চচাপ বলয় থেকে সুমেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয় এবং দক্ষিণ গোলার্ধে কুমেরু উচ্চচাপ থেকে কুমেরু বৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয় পর্যন্ত।

**নামকরণ-**উত্তর পূর্ব মেরু বায়ু (উত্তর গোলার্ধ)

দক্ষিণ-পূর্ব মেরু বায়ু (দক্ষিণ গোলার্ধ)

**বিশেষ কিছু তথ্য-**

ক) দুই গোলার্ধে উষ্ণ আয়ন বায়ু মহাদেশ গুলির পশ্চিম অংশ দিয়ে প্রবাহিত হয়। অধিক উষ্ণতার কারণে এই বায়ু থেকে একদম বৃষ্টিপাত হয় না তাই মহাদেশের পশ্চিমে মরুভূমি সৃষ্টি হয়েছে।

খ) পশ্চিমা বায়ুর প্রভাবে মহাদেশগুলোর পূর্ব অংশে বৃষ্টিপাতের পরিমাণ ক্রমশ কমে যেতে থাকে।এইজন্য মহাদেশগুলোর এই অঞ্চলে বিস্তীর্ণ নাতিশীতোষ্ণ তৃণভূমি দেখতে পাওয়া যায়।

SRAI

**গুরুত্বপূর্ণ প্রশ্নাবলী:-**

১) বায়ুপ্রবাহের নামকরণ কিভাবে করা হয়?

২) ফেরেলের সূত্র টি লেখ।

৩) বাইস ব্যালট সূত্র টি লেখ।

৪) আয়ন বায়ুর অপর নাম বাণিজ্য বায়ু কেন?

৫) টীকা লেখ- ITCZ

৬) দক্ষিণ গোলার্ধে পশ্চিমা বায়ুর অবস্থান ভেদে নামকরণ লেখ।

৭) চিত্রসহ বায়ুচাপ বলয় গুলির সাথে নিয়ত বায়ু প্রবাহের সম্পর্ক নিরূপণ করো।

SRAI

NOTE :-

• Drop your queries regarding the chapter in comment box, if any.

• Mention your NAME, CLASS, SEC., ROLL.

• Provide your CONTACT NO. (We shall directly contact you if required.)